100

দৈনিক ইত্তেফাক

তারিখ 05 JUL 1997
পৃষ্ঠা ১ কলাম ৫

# ৩২ জন পরীক্ষার্থীর ভাগ্য বিপর্যয়

বরিশাল অফিস ।। সরকারী উচ্চ বালিকা বিদ্যালয়ের ৩২ জন এসএসসি পরীক্ষার্থীর ভাগ্য বিপর্যয় হওয়ার আশংকা রহিয়াছে। তাহারা এ বছর এসএসসি পরীক্ষা দেয় এবং ৪র্থ বিষয় ছিল ভকেশনাল এডুকেশন। তাহারা যথারীতি ঐ বিষয়ে পরীক্ষাও দেয়। এখন তাহাদের নিকট খবর পৌছিয়াছে ঐ বিষয়ের প্রাপ্ত ফল তাহাদের অন্যান্য বিষয়ের ফলাফলের সাথে

( ১১শ পৃঃ ৪-এর কঃ দ্রঃ )

## ৩২ জন পরীক্ষার্থীর

( ১ম পৃঃ পর )

যুক্ত হইবে না। আগামী এক সপ্তাহের মধ্যে এ পরীক্ষার ফলাফল প্রকাশ হইবে। এ দুঃসংবাদ পাইয়া তাহারা এখন দিশাহারা। জানা যায়, তাহাদের রেজিষ্ট্রেশন ও এডমিট কার্ডে ঐ বিষয় উল্লেখ ছিল না।

অভিযোগে প্রকাশ, তাহারা এডমিট কার্ড পাওয়ার সাথে সাথে প্রধান শিক্ষয়িত্রীকে ঘটনাটি জানান। তিনি তাহাদের ধৈর্য ধারণের উপদেশ দেন এবং যশোর বোর্ডে তদবিরের জন্য অতিরিক্ত একশত টাকা করিয়া আদায় করেন। তাহারা বোর্ডের সাথে বহু দেন-দরবার করেন কিন্তু ফল কিছুই হয় নাই। স্কুল কর্তৃপক্ষ মাত্র ২/৩ দিন পূর্বে এ দুঃসংবাদ পরীক্ষার্থীদের দেন। পরীক্ষার্থীদের বক্তব্য হইতেছে তাহারা যথারীতি ঐ বিষয়ের ফি বোর্ডে জমা দিয়া পরীক্ষায় অংশগ্রহণ করে। এখন কেন ঐ বিষয়ের ফল অন্যান্য বিষয়ের সাথে যুক্ত হইবে না ? জানা গিয়াছে, এডমিট কার্ডে ৪র্থ বিষয়ের উল্লেখ না থাকায় বোর্ড কর্তৃপক্ষ ঐ বিষয়ের পরীক্ষা বৈধভাবে গ্রহণ করিতেছে না। স্থানীয় ভকেশনাল ট্রেনিং ইনষ্টিটিউট এ পরীক্ষা গ্রহণ করিয়াছিল।